

তুখোড়-দ্বিধাহীন আলোয় নিশাতপত্র

(প্রিয় পাঠক, সুযোগ থাকলে এই বুদ্ধ-সংগীত সমেত পত্রখানা পাঠের জন্য বিনয়ের সাথে অনুরোধ করছি। লিংক:
<https://www.youtube.com/watch?v=ABy95341Dto>)

নিশাত আপা,

এই জীবন-মঞ্চ কখনোই হয়তো আর জানা হবে না আপনি কী বলতে চেয়েছিলেন, কী আপনার লক্ষ্য ছিল। উগ্র ধর্মীয় মৌলবাদী গোষ্ঠীর ক্রমাগত আক্রমণে যখন বাংলাদেশের বহুত্ববাদী সৌন্দর্য ম্লান হয়, যখন বিদ্যমান সমাজ-রাজনৈতিক বাস্তবতার জবাবে থিয়েটার নিরুত্তর রয়, তখন কেমন থিয়েটার আপনি চেয়েছিলেন, কেমন নাটকের প্রস্তাব ছিল আপনার নিজের কাছে অথবা দলের কাছে অথবা সুন্দর নাট্য-স্বজনের কাছে? সহাবস্থানের সমাজ-রাজনীতি ফিরে পেতে কী শিল্পভাবনা ছিল আপনার? অথবা কী নাট্য-স্বপ্নের অব্যক্ত কথামালা বলতে চেয়েছিলেন যেখানে রয়েছে একটি বহুত্ববোধক সমাজ অর্জনে নাটকের কিছু করার ক্ষমতা - দৃঢ়তা? জানার ভীষণ আগ্রহ ছিল আপনার কাছে, নাটক কী করে একটি আয়তন উন্মুক্ত করতে পারে যেখানে আমরা তর্ক করতে পারি, সহাস্য ও স্বাধীনভাবে একমত বা দ্বিমত হতে পারি? শিল্পকর্ম সৃজনে এবং প্রকাশে দ্বিমত থাকলেও দিনশেষে বন্ধুত্ব যেন অটুট থাকে, সে শিক্ষা কী করে অর্জন করতে পারি?

এই যে রাষ্ট্রক্ষমতায় নারী, রাজনৈতিক দলগুলোর প্রধান নারী, সরকারি বেসরকারি নানা প্রতিষ্ঠান প্রধান নারী, তবু প্রতিদিন প্রতিনিয়ত ঘরে বাইরে সহিংসতার মুখোমুখি হচ্ছেন নারী, সেখানে আমরা, যারা নাট্যকর্মী বলে নিজেদের পরিচিত করাই এবং দাবী করি, তারা কি 'নারী' বা 'পুরুষ' নয়, 'মানুষ' পরিচয়কে মুখ্য করতে পেরেছি, যে পরিচয় আপনি জীবন জুড়ে উদযাপন করেছেন?

শেষ পর্যন্ত নাটক কি পরিবার, প্রথা, সমাজ ও রাজনীতিকে কোনোরূপ প্রশ্ন ছুড়ে দিতে পারে বাংলাদেশে? প্রশ্ন উত্থাপনের সংস্কৃতি এবং রাজনীতি কি আমাদের নাটকে ছিল? থাকলে আজ নাই কেন? কোথাও এসে কি বাংলাদেশের নগরায়তনের নাটক পথ হারিয়ে ফেলেছে? অথবা সমঝোতার রাজনীতির ফাঁদে পা দিয়ে সুবিধাভোগী পরনির্ভর হয়ে পড়েছে? মধ্যবিত্তের সাপ্তাহিক ছুটির সাক্ষ্যকালীন ক্ষয়িষ্ণু অলংকারে পরিণত হয়েছে? অথবা আমেরিকায় জর্জ ফ্লয়েডের খুন হয়ে যাবার আগ মুহূর্ত পর্যন্ত নিশ্বাস বন্ধ হয়ে আসার মতো ভয়াবহ পরিস্থিতির মধ্যে চাপা পড়ে আছে? আমি নিশ্চিত করে জানি না, আপা। আপনি জানেন কী না, তা জানার ইচ্ছা ছিল। যদি নাও জেনে থাকেন, বিদ্যমান পরিস্থিতিতে আপনার উপলব্ধি শুনে আমার গবেষণাকে সমৃদ্ধ করার প্রবল আগ্রহ ছিল আমার।

স্রোতের বিপরীতে চলা আপনার দীর্ঘ সংগ্রাম ও অভিজ্ঞতার কাছে আমার আরো জানার ছিল, নাটকে আমরা যে প্রশ্নগুলো উত্থাপন করি, সেগুলো কি একপাক্ষিক না দ্বিপাক্ষিক অথবা বহুপাক্ষিক? আমরা নাটকে কি সবার কথা বলি, নাকি কেবল যা আমাদের নির্দিষ্ট দর্শক শুনতে চায় তাই বলি, যা দেখতে চায় তাই দেখাই? অথবা যা দেখাই আর শুনাই, তা কি নাগরিক জীবনে ঝড় জল জ্যাম ঠেলে - ঘামে ভিজে ছুটে আসা দর্শকদের কাজিকত নয়, তার জীবন বাস্তবতার প্রতিফলন নয়?

আমরা তো দেখেছি, যে আত্ননাদ শোনার কেউ নেই, যে বেদনা নিত্য আমাদের গিলে খায়, সেসব আপনি মর্মে মর্মে উপলব্ধি করতেন। সেসব বেদনা, সেসব আত্ননাদের না-বলা গল্প কেন আমাদের নাটকে ক্রমশ অনুপস্থিত হয়ে পড়েছে? দিনের পর দিন মহড়া করে এই সমস্ত প্রশ্ন নিয়ে, তর্ক নিয়ে, আলাপ নিয়ে আপনার সামনে হাজির হবার আগেই জীবন-মঞ্চ থেকে প্রস্থান করলেন। তবে আমার বিশ্বাস, এই প্রস্থান মৃত্যু নয়, এই প্রস্থান অন্য দৃশ্যে প্রবেশের একটি নিমিত্ত মাত্র। সেই দৃশ্যে তর্ক জুড়ে দাঁড়াব মুখোমুখি। সেই দৃশ্যে আমাদের কোনো তাড়া থাকবে না। প্রশ্নের পর প্রশ্ন থাকবে না, প্রশ্নের পরপরই উত্তর দিতে বা পেতে হবে না। আমরা দীর্ঘ সময় নিয়ে আলাপ করবো। অনন্তকাল সেই দৃশ্যের আলাপগুচ্ছ সংলাপে রূপ নেবে। তার দৃশ্যান্তর ঘটবে না, আলো নিভে যাবে না। সে আলাপ - সংলাপে অভিনেতা বা দর্শক থাকবে না, থাকবে সবার অংশগ্রহণ। মৌনতা। অনন্তকালের মৌনতা, নীরবতা আর বিরতি।

নিশাত আপা, আপনি বাংলাদেশে নাট্যতরুণদের জীবন, রাজনীতি ও শিল্পকর্মের ভুবনজুড়ে এক তুখোড়-দ্বিধাহীন আলো। অতি অকস্মাত অদৃশ্য ভুবনে আপনার বসবাসের একবছর আজ। ঢাকার নাট্যভুবনে আপনার অনুপস্থিতি মেনে নেওয়া - মনে নেওয়া দুটোই বড় কঠিন! তবু আপনার রাজনৈতিক শিল্পচিন্তা আমাকে, আমার বিশ্বাস, আরো নাট্যতরুণকে প্রতিনিয়ত প্রভাবিত করে।

"I don't write "died," though that's the biological fact. "Passed" is about movement, going from one thing to another" (রিচার্ড শেখনার).

ইতি

আপনারই সুদীপ

বিশেষ দ্রষ্টব্যঃ নিশাত অপার প্রতি শ্রদ্ধাৰ্ঘ্য নিবেদনের লক্ষ্যে 'ক্ষ্যাপা' তার চলতি সংখ্যায় পত্রখানা প্রকাশ করেছে।

.

Ishrat Nishat was a forthright maker to her theatre vision in Bangladesh

Available at <

https://www.facebook.com/photo/?fbid=10159182683319808&set=a.70360059807¬if_id=1611138640166973¬if_t=feedback_reaction_generic&ref=notif>; accessed on 20

January 2021